বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফই সার্কুলার নং ১০

তারিখ : জ্যৈষ্ঠ ২৫, ১৪২৯ / জুন ০৮, ২০২২

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়,

**হাল্কা প্রকৌশল পণ্য রপ্তানিতে অগ্রিম রপ্তানিমূল্য প্রত্যাবাসনের ক্ষেত্রে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা প্রদান।**

শিরোনামোক্ত বিষয়ে এফই সার্কুলার নম্বর ০৩, তারিখ ফেব্রুয়ারি ২৮, ২০০৬ এর অনুচ্ছেদ ৩(ক) এবং এফই সার্কুলার নম্বর ২৭, তারিখ জুলাই ১৪, ২০২০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। সরকারি সিদ্ধান্তক্রমে এ মর্মে জানানো যাচ্ছে যে, ২০২১-২২ অর্থবছর থেকে প্রত্যাবাসিত অগ্রিম রপ্তানিমূল্যের বিপরীতে হাল্কা প্রকৌশল পণ্য রপ্তানির ক্ষেত্রে রপ্তানিমূল্য প্রত্যাবাসনের তারিখের পরিবর্তে পণ্য জাহাজিকরণের তারিখ থেকে ১৮০ দিনের মধ্যে রপ্তানি প্রণোদনার আবেদন দাখিলযোগ্য হবে।

০৩। রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা পরিশোধ সংশ্লিষ্ট সকল এফই সার্কুলার/সার্কুলার পত্রের প্রযোজ্য অপরাপর নির্দেশনা যথারীতি অপরিবর্তিত থাকবে।

সংশ্লিষ্ট সকলপক্ষকে বিষয়টি অবহিত করার জন্য পরামর্শ দেয়া হলো।

আপনাদের বিশ্বস্ত,

(কাজী রফিকুল হাসান)
পরিচালক (এফইপিডি)
ফোন : ৯৫৩০১২৩